আলোচনার প্রধান অতিথি হিসেবে আছেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব আর কোনো ভবিষ্যতের ধারণা নয়। এটি এরইমধ্যে আমাদের জীবন, কাজের ধরন ও অর্থনীতিতে গভীরভাবে প্রবেশ করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট প্রযুক্তি, বিপুল তথ্যভান্ডার, ব্লকচেইন প্রযুক্তি এবং ইন্টারনেট ইত্যাদি এরমধ্যেই কর্মক্ষেত্রের কাঠামো পাল্টে দিচ্ছে।

তিনি বলেন, এলডিসি পরবর্তী প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের প্রধান ভরসা। বিশ্ব

অর্থনৈতিক ফোরামের তথ্যানুযায়ী, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ বদলে যাবে। ফলে যারা নতুন প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জনে পিছিয়ে থাকবে, তারা ঝুঁকিতে পড়বে। ডিসিসিআই সভাপতি বলেন, দক্ষ মানবসম্পদ তৈরিতে শুধু দক্ষতাই নয়, দরকার প্রযুক্তিকে কাজে লাগানোর সক্ষমতা ও সৃজনশীল চিন্তা। দ্রুত পরিবর্তনশীল যুগে অভিযোজন ক্ষমতাই হবে সাফল্যের মূল চাবিকাঠি। দেশে প্রায় ১৭৬টি বিশ্ববিদ্যালয় থাকলেও আধুনিক প্রযুক্তিনির্ভর উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ সীমিত। ফলে চাহিদাসম্পন্ন স্নাতকদের অনেকে বিদেশে চলে যাচ্ছেন, আর দেশের শিল্পখাত দক্ষ জনবল সংকটে ভুগছে। এই ঘাটতি পূরণে প্রযুক্তিনির্ভর বিভাগ চালু, যুগোপযোগী সিলেবাস প্রণয়ন ও ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ বাড়ানোর আহ্বান জানান তিনি। তিনি জানান, মানবসম্পদ উন্নয়নে ডিসিসিআই এরইমধ্যে দেশি-বিদেশি ১৪টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারকে সই করেছে এবং বেসরকারি খাতের কর্মীদের আপস্কিলিং ও রি-স্কিলিংয়ের প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। দক্ষ মানবসম্পদ উন্নয়নই আমাদের প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধি ও বিশ্ব অর্থনীতিতে অবস্থানকে আরও শক্তিশালী করবে।

কালবেলা

মঙ্গলবার, ২৮ অক্টোবর ২০২৫

ডিসিসিআই সভাপতি

চতুর্থ শিল্প বিপ্লবে টিকে থাকতে দরকার স্মার্ট মানবসম্পদ

কালবেলা প্রতিবেদক »

চতুর্থ শিল্প বিপ্লবের যুগে টিকে থাকতে স্মার্ট ও প্রযুক্তিনির্ভর মানবসম্পদ গড়ে তোলার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ।

গতকাল সোমবার রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে আয়োজিত ‘চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন’ শীর্ষক গোলটেবিল আলোচনায় তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব আর কোনো ভবিষ্যতের ধারণা নয়। এটি এরই মধ্যে আমাদের জীবন, কাজের ধরন ও অর্থনীতিতে গভীরভাবে প্রবেশ করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট প্রযুক্তি, বিপুল তথ্যভান্ডার, ব্লকচেইন প্রযুক্তি এবং ইন্টারনেট ইত্যাদি এরই মধ্যে কর্মক্ষেত্রের কাঠামো পাল্টে দিচ্ছে।

দেশ রূপান্তর

মঙ্গলবার, ২৮ অক্টোবর ২০২৫

বিশ্বে নতুন অর্থনীতির বড় চ্যালেঞ্জ দক্ষ মানবসম্পদ

নিজস্ব প্রতিবেদক

বৈশ্বিক নতুন অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ মানবসম্পদ অত্যাবশ্যক বলে মন্তব্য করেছেন দেশের বিশিষ্টজনরা। তাদের মতে, পরিবর্তনশীল তথ্যপ্রযুক্তির বর্তমান সময়ের অর্থনৈতিক কার্যক্রম ক্রমেই পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে, যা মোকাবিলায় বাংলাদেশকে দক্ষ মানবসম্পদ তৈরিতে অধিক হারে মনোনিবেশ করতে হবে। গতকাল সোমবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা এমন মন্তব্য করেন।

এ ছাড়া দেশের সামগ্রিক শিক্ষাব্যবস্থার আধুনিকায়ন, কারিগরি ও ভোকেশনাল শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ, বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় সাধনের পাশাপাশি শিক্ষা ও শিল্প খাতের সম্পর্ক উন্নয়নের ওপর ওই সভায় জোরারোপ করা হয়।

মতিঝিল ডিসিসিআই মিলনায়তনের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব শুধু প্রযুক্তিগত পরিবর্তন নয়, বরং উৎপাদন ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য এবং শ্রমবাজারে গভীর ও মৌলিক রূপান্তর এনেছে, বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) আমাদের শিল্প ও সেবা খাতে ব্যাপক প্রভাব ফেলেছে। তিনি জানান, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের তথ্যমতে, আগামী পাঁচ বছরে বর্তমান চাকরির বাজার প্রায় এক-চতুর্থাংশ বদলে যাবে এবং বাংলাদেশের

ঢাকা চেম্বারের আলোচনায় বক্তারা

পরিবর্তনশীল তথ্যপ্রযুক্তির বর্তমান সময়ের অর্থনৈতিক কার্যক্রমেই পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে, যা মোকাবিলায় বাংলাদেশকে দক্ষ মানবসম্পদ তৈরিতে অধিক হারে মনোনিবেশ করতে হবে

দা য়ি তু মী লি দে র দে নি ক

এলভিসি-পরবর্তী সময়ের প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে একমাত্র হাতিয়ার, তবে তাদের প্রযুক্তিনির্ভর নতুন যুগের কর্মসংস্থানে নিজেদের উপযুক্ত করে তুলতে হবে। বিদ্যমান পরিস্থিতি মোকাবিলায় দেশের শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন, কারিগরি শিক্ষার ওপর অধিকহারে গুরুত্বারোপ এবং শিক্ষা ও শিল্প খাতের সমন্বয় বাড়ানোর কোনো বিকল্প নেই বলে মনে করেন ডিসিসিআই সভাপতি।

প্রধান অতিথির বক্তব্যে ড. নাজনীন কাউসার চৌধুরী বলেন, প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর সমন্বয়হীনতা রয়েছে, সেই সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে সব স্তরের সচেতনতার অভাবের বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে। তিনি বলেন, প্রতিষ্ঠার পর থেকে এনএসডিএ নিজের আইনি কাঠামো, ভৌত ও প্রশাসনিক অবকাঠামোর ওপর নজর দিলেও বর্তমানে দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রশিক্ষণের ওপর বেশি মনোযোগী হয়েছে।

জাপানে এক লাখ দক্ষ বাংলাদেশি প্রেরণের লক্ষ্যে সরকারি ও শিক্ষা খাতের সহায়তায় জাপানিজ ভাষা শেখানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া বিশেষ করে নারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের ওপর তিনি জোরারোপ করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লবের

সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে বিষয়টি সম্পৃক্ত করার পাশাপাশি সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর প্রস্তাব করেন।

মূল প্রবন্ধে নিয়াজ আসাদুল্লাহ বলেন, এটুআই ও ইউএনডিপি ২০১৯ সালের গবেষণায় দেখা যাচ্ছে, তথ্যপ্রযুক্তি ব্যবহারের ফলে ২০৩০ সালের বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য ও কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিটালিটি খাতে প্রায় ৫৩ দশমিক ৮ লাখ লোকের কর্মসংস্থান হারানোর সম্ভাবনা রয়েছে, এমতাবস্থায় দেশের কর্মরত মানবসম্পদকে প্রযুক্তি ব্যবহারে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের ওপর অধিক হারে গুরুত্বারোপ করতে হবে। তিনি সামগ্রিক শিক্ষা কার্যক্রমের যুগোপযোগীকরণের পাশাপাশি কারিগরি শিক্ষায় আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর প্রস্তাব করেন। এ ছাড়া দক্ষতা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বাজেট বরাদ্দ নিশ্চিতের ওপর জোরারোপ করেন নিয়াজ আসাদুল্লাহ।

এ ছাড়া অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের যুগ্ম সচিব (আইসিটি ডিভিশন) মোহাম্মদ সাইফুল হাসান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ সাজেদুল ইসলাম, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টস অব বাংলাদেশের (আইসিএমএবি) সভাপতি মাহতাব উদ্দিন আহমেদ, ট্রান্সকম গ্রুপের করপোরেট মানবসম্পদ বিভাগের প্রধান এম সাকির আলী, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর রিজিওনাল সিনিয়র ম্যানেজার খান মোহাম্মদ শফিকুল আলম, বুয়েটের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মাসরুর আলী এবং ব্রেইন স্টেশনের ২৩ প্রধান নির্বাহী কর্মকর্তা রাইসুল কবীর অংশগ্রহণ করেন। এ সময় তারা সংশ্লিষ্ট বিষয়ে তাদের মতামত তুলে ধরেন।

তৈরি পোশাকসহ ৫৪ হাজার চাকরি ঝুঁকিতে পড়তে পারে

কাগজ প্রতিবেদক

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এখন শিল্প ও সেবাখাতে ব্যাপক প্রভাব ফেলছে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের তথ্যমতে, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ পরিবর্তিত হবে। ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য, কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিটালিটি খাতে প্রায় ৫৩ লাখ ৮০ হাজার চাকরি ঝুঁকিতে পড়তে পারে। তাই বৈশ্বিক অর্থনীতির দ্রুত পরিবর্তনশীল বাস্তবতায় টিকে থাকতে বাংলাদেশের জন্য প্রযুক্তিনির্ভর দক্ষ মানবসম্পদ গড়ে তোলা এখন সময়ের দাবি। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের শিক্ষা ব্যবস্থা, কারিগরি প্রশিক্ষণ এবং শিল্প খাতের মধ্যে সমন্বয় জোরদার করার ওপর গুরুত্বারোপ করেছেন বিশেষজ্ঞরা।

গত সোমবার রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনা সভায় এ আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী। আলোচনায় স্বাগত বক্তব্যে দেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব শুধুমাত্র প্রযুক্তিগত নয়, বরং উৎপাদন, ব্যবসা ও শ্রমবাজারে গভীর রূপান্তর এনেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এখন শিল্প ও সেবাখাতে ব্যাপক প্রভাব ফেলছে।

তিনি জানান, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের তথ্যমতে, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ পরিবর্তিত হবে। বাংলাদেশের এলডিসি-পরবর্তী প্রতিযোগিতামূলক অর্থনীতিতে টিকে থাকতে স্মার্ট ও প্রযুক্তিনির্ভর মানবসম্পদই হবে সবচেয়ে বড় শক্তি। এজন্য শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন, কারিগরি শিক্ষার সম্প্রসারণ এবং শিক্ষা-শিল্প খাতের ঘনিষ্ঠ সম্পর্ক অপরিহার্য বলে মন্তব্য করেন তিনি।

প্রধান অতিথির বক্তব্যে এনএসডিএর নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী



রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনা সভায় আলোচকরা

‘দক্ষতা উন্নয়নে
সরকারি
সংস্থাগুলোর মধ্যে
এখনো সমন্বয়ের
ঘাটতি আছে’
এনএসডিএর নির্বাহী
চেয়ারম্যান

‘এলডিসি-পরবর্তী
প্রতিযোগিতামূলক
অর্থনীতিতে টিকে
থাকতে স্মার্ট ও
প্রযুক্তিনির্ভর
মানবসম্পদই
সবচেয়ে বড় শক্তি’
ডিসিসিআই সভাপতি

বলেন, দক্ষতা উন্নয়নে সরকারি সংস্থাগুলোর মধ্যে এখনও সমন্বয়ের ঘাটতি আছে। একইসঙ্গে মানবসম্পদ উন্নয়নে সচেতনতার অভাবও বড় বাধা।

তিনি জানান, জাপানে এক লাখ দক্ষ বাংলাদেশি কর্মী পাঠানোর লক্ষ্যে জাপানি ভাষা প্রশিক্ষণ

কার্যক্রম শুরু হয়েছে। পাশাপাশি নারীদের দক্ষতা উন্নয়নেও বিশেষ গুরুত্ব দেয়া হচ্ছে। চতুর্থ শিল্প বিপ্লবের চাহিদার সঙ্গে মানবসম্পদ উন্নয়ন কার্যক্রমকে সম্পৃক্ত করার পাশাপাশি সরকারি-বেসরকারি অংশীদারত্ব বাড়ানোর পরামর্শ দেন তিনি।

আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ। তিনি বলেন, এটিআই ও ইউএনডিপিআর গবেষণায় দেখা গেছে, প্রযুক্তিনির্ভর উৎপাদন ও অটোমেশনের কারণে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য, কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিটালিটি খাতে প্রায় ৫৩ লাখ ৮০ হাজার চাকরি ঝুঁকিতে পড়তে পারে।

তিনি বলেন, এই বাস্তবতায় আমাদের মানবসম্পদকে প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তুলতে প্রশিক্ষণ ও বাজেট বরাদ্দ বাড়াতে হবে।

আলোচনায় অংশ নিয়ে হাই-টেক পার্ক কর্তৃপক্ষের যুগ্ম-সচিব মোহাম্মদ সাইফুল হাসান দেশীয় ও বিদেশি বিনিয়োগ বাড়াতে হাই-টেক পার্কে যৌথ উদ্যোগে কাজের আহ্বান জানান।

বুয়েটের অধ্যাপক ড. মোহাম্মদ মাসরুর আলী বলেন, গ্রাম ও শহরের শিক্ষার মানে ব্যাপক বৈষম্য রয়েছে। প্রাথমিক স্তর থেকেই মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে না পারলে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা সম্ভব নয়।

ব্রেইন স্টেশন ২৩-এর প্রধান নির্বাহী কর্মকর্তা রাইসুল কবীর বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে কর্মসংস্থান কমবে না, বরং দক্ষতার ভিত্তিতে নতুন সুযোগ তৈরি হবে। তাই প্রশিক্ষণকেন্দ্রিক মানবসম্পদ উন্নয়ন জরুরি।

আইসিএমএবি সভাপতি মাহতাব উদ্দিন আহমেদ জানান, দেশের শিক্ষার্থীদের মাত্র ২০ শতাংশ দক্ষতা অনুযায়ী চাকরি পায় এবং প্রায় ২০ লাখ বেকার রয়েছে। এই পরিস্থিতি মোকাবিলায় কারিগরি শিক্ষা সম্প্রসারণ ও সমাজের মানসিকতা পরিবর্তন জরুরি বলে মন্তব্য করেন তিনি।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান বলেন, আমাদের শিক্ষা ব্যবস্থা শিল্প খাতের চাহিদা অনুযায়ী মানবসম্পদ তৈরি করতে পারছে না। শিক্ষা ও শিল্প খাতের যৌথ উদ্যোগ ছাড়া এ ঘাটতি পূরণ সম্ভব নয়।

মুজ্ঞ আলোচনায় ডিসিসিআইয়ের সাবেক সহ-সভাপতি এম আবু হোয়ায়রাহ বিদেশে দক্ষ কর্মী পাঠানোর ওপর জোর দেন, যা রেমিট্যান্স আয়ে নতুন দিগন্ত খুলে দিতে পারে।

সভায় আরো উপস্থিত ছিলেন ডিসিসিআই পরিচালক মোহাম্মদ জমশের আলী, মীর শাহরুক ইসলাম, উর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান প্রমুখ।



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত ‘চতুর্থ শিল্পবিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন’ শীর্ষক গতকালের গোলটেবিল বৈঠকে অতিথিরা।
ছবি: আজকের পত্রিকা

শ্রমবাজারে ৫০ শতাংশ দক্ষ পেশাদারের ঘাটতি

ডিসিসিআইয়ের সেমিনার

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

দেশে চতুর্থ শিল্পবিপ্লবের প্রস্তুতি ইতিমধ্যে শুরু হলেও প্রযুক্তির দ্রুত বিকাশ শ্রমবাজারে নতুন অনিশ্চয়তা তৈরি করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, আইওটি ও রোবোটিকস মানুষের কার্যিক শ্রমের জায়গা নিচ্ছে, ফলে কর্মসংস্থানের ধরন দ্রুত বদলে যাচ্ছে। অথচ প্রযুক্তিনির্ভর খাতে দক্ষ জনশক্তির বড় ঘাটতি দেখা দিচ্ছে। এটুআই ও ইউএনডিপি ২০১৯ সালের এক গবেষণায় সতর্ক করা হয়, প্রযুক্তির প্রভাবে ২০৩০ সালের মধ্যে তৈরি পোশাক, কৃষি, খাদ্য, ফার্নিচার, পর্যটন ও সেবা খাতে প্রায় ৫৪ লাখ মানুষের চাকরি ঝুঁকিতে পড়তে পারে। এগুলোর মধ্যে তৈরি পোশাক খাতে ৬০ শতাংশ, চামড়ায় ৩৫ শতাংশ এবং পর্যটনে ২০ শতাংশ কর্মসংস্থান হারানোর আশঙ্কা রয়েছে। বিশেষজ্ঞদের মতে, এই ঝুঁকি মোকাবিলায় অন্তত ৩০ শতাংশ শিক্ষার্থীকে কারিগরি শিক্ষার আওতায় আনা এখন সময়ের দাবি।

গতকাল সোমবার রাজধানীর মতিঝিলে নিজস্ব মিলনায়তনে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘চতুর্থ শিল্পবিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন’ শীর্ষক গোলটেবিল বৈঠকে উপস্থাপিত প্রবন্ধ এবং বক্তাদের

আলোচনায় এমন তথ্য উঠে আসে।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ। তিনি জানান, দেশের শিল্প খাতে ভৌগোলিক তথ্য ব্যবস্থাপনা, ব্যবসা প্রক্রিয়া বহির্গমন, মাল্টিমিডিয়া, কৃত্রিম বুদ্ধিমত্তা, আইওটি ও রোবোটিকসে দক্ষ পেশাদারের ঘাটতি প্রায় ৫০ শতাংশ। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের তথ্য উদ্ধৃত করে তিনি বলেন, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের প্রায় এক-চতুর্থাংশ বদলে যাবে। পূর্বাভাস অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে ১৭ কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টি হলেও তথ্যপ্রযুক্তির ধাক্কায় প্রায় ৯ কোটি ২০ লাখ মানুষ তাঁদের চাকরি হারাতে পারেন। এই বাস্তবতায় প্রতিযোগিতামূলক ও প্রযুক্তিনির্ভর শ্রমবাজারে টিকে থাকতে নিরবচ্ছিন্ন দক্ষতা অর্জন অপরিহার্য বলে উল্লেখ করেন তিনি। ড. আসাদুল্লাহ প্রযুক্তিনির্ভর কারিগরি শিক্ষা ও যুগোপযোগী পাঠ্যক্রমের প্রসার এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে যথাযথ বাজেট বরাদ্দের ওপর জোর দেন।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, প্রযুক্তিনির্ভর নতুন যুগের চাহিদা অনুযায়ী কর্মসংস্থানের উপযোগী দক্ষতা অর্জন সময়ের দাবি। চতুর্থ শিল্পবিপ্লবের প্রভাব মোকাবিলা ও এলডিসি উত্তরণ-পরবর্তী বৈশ্বিক

প্রতিযোগিতায় টিকে থাকার একমাত্র হাতিয়ার হতে পারে স্মার্ট মানবসম্পদ। প্রধান অতিথির বক্তব্যে এনএসডিএর নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী বলেন, মানবসম্পদ উন্নয়নে সরকারি প্রশিক্ষণ সংস্থাগুলোর মধ্যে সমন্বয়হীনতা ও সচেতনতার অভাব বড় প্রতিবন্ধকতা। এ অবস্থায় এনএসডিএ দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রশিক্ষণকেন্দ্রিক কার্যক্রমে জোর দিচ্ছে। নির্ধারিত আলোচনায় বক্তারা প্রশিক্ষণ তদারকির জন্য আলাদা জাতীয় কাউন্সিল গঠন, স্কুল পর্যায়ে দক্ষতা শিক্ষার সংযোজন এবং প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণের সুপারিশ করেন।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান বলেন, শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষ মানবসম্পদ গড়তে শিক্ষা ও শিল্প খাতের সমন্বিত উদ্যোগ জরুরি।

আইসিএমএবি সভাপতি মাহতাব উদ্দিন আহমেদ বলেন, বর্তমানে শিক্ষার্থীদের মাত্র ২০ শতাংশ দক্ষতা অনুযায়ী চাকরি পাচ্ছেন, ফলে দেশে প্রায় ২০ লাখ শিক্ষিত বেকার রয়েছে। তিনি কারিগরি শিক্ষার প্রসার এবং সমাজের মানসিকতা পরিবর্তনের ওপর গুরুত্ব দেন।

ব্রেন স্টেশন ২৩-এর প্রধান নির্বাহী কর্মকর্তা রাইসুল কবির বলেন, ভবিষ্যতের বাজার চাহিদা মাথায় রেখে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে এখনই মনোযোগী হতে হবে।

বৈশ্বিক নতুন অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ মানবসম্পদ আবশ্যিক

নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এক গোলটেবিল আলোচনায় বক্তারা বলেছেন, পরিবর্তনশীল তথ্যপ্রযুক্তির বর্তমান সময়ের অর্থনৈতিক কার্যক্রমে ক্রমশ পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। যা মোকাবিলায় বাংলাদেশকে দক্ষ মানবসম্পদ তৈরিতে অধিক হারে মনোনিবেশ করা জরুরি।

এছাড়া দেশের সামগ্রিক শিক্ষাব্যবস্থার আধুনিকায়ন, কারিগরি ও ভোকেশনাল শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ, বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় সাধনের পাশাপাশি শিক্ষা ও শিল্প খাতের সম্পর্ক উন্নয়নের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।

গতকাল সোমবার রাজধানীর মতিঝিলে ডিসিসিআই মিলনায়তনে অনুষ্ঠিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা এসব কথা বলেন।

গোলটেবিল আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী।

ড. নাজনীন কাউসার চৌধুরী বলেন, প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর সমন্বয়হীনতা রয়েছে। সেই সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে সকল স্তরের সচেতনতার অভাবের বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে।

প্রতিষ্ঠার পর থেকে এনএসডিএ নিজের আইনগত কাঠামো, ভৌত ও প্রশাসনিক অবকাঠামোর ওপর নজর দিলেও বর্তমানে দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রশিক্ষণের ওপর বেশি মনোযোগী হয়েছে।

নির্বাহী চেয়ারম্যান জানান, জাপানে ১ লাখ দক্ষ বাংলাদেশি প্রেরণের লক্ষ্যে সরকারি ও শিক্ষা খাতের সহায়তায় জাপানি ভাষা শেখানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া বিশেষ করে নারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের ওপর তিনি জোরারোপ করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লবের সঙ্গে

ডিসিসিআইয়ের গোলটেবিল বৈঠকে বক্তারা



মানবসম্পদের দক্ষতা উন্নয়নের বিষয়টি সম্পৃক্ত করার পাশাপাশি সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর প্রস্তাব করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্পবিপ্লব কেবল প্রযুক্তিগত পরিবর্তন নয় বরং উৎপাদন ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য এবং শ্রমজগতের গভীর ও মৌলিক রূপান্তর এনেছে, বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) আমাদের শিল্প ও সেবা খাতে ব্যাপক প্রভাব ফেলছে।

তিনি জানান, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের তথ্য মতে আগামী পাঁচ বছরে বর্তমান চাকরির বাজার প্রায় এক-চতুর্থাংশ বদলে যাবে। ২০৩০ সালের মধ্যে বিশ্বব্যাপী প্রায় ১৭ কোটি নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হলেও একই সময়ে ৯ কোটি ২০ লাখ মানুষ চাকরি হারানোর ঝুঁকিতে পড়তে পারেন।

ডিসিসিআই সভাপতি আরও বলেন, এলডিসি পরবর্তী সময়ের প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের একমাত্র হাতিয়ার। তবে তাদের প্রযুক্তিনির্ভর নতুন যুগের কর্মসংস্থানে নিজেদের উপযুক্ত করে তুলতে হবে।

বিদ্যমান পরিস্থিতি মোকাবিলায় দেশের শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন, কারিগরি শিক্ষার ওপর অধিক হারে গুরুত্বারোপ এবং শিক্ষা ও শিল্প খাতের সমন্বয় বাড়ানোর কোনো বিকল্প নেই বলে মনে করেন ডিসিসিআই সভাপতি।

অর্থ-বাণিজ্য

‘চতুর্থ শিল্প বিপ্লবের ধাক্কা সামলাতে স্মার্ট মানবসম্পদ দরকার’

চতুর্থ শিল্প বিপ্লবের ধাক্কা সামলাতে প্রযুক্তিগত দক্ষতা অর্জন প্রয়োজন। টেকসই উন্নয়নের জন্য কারিগরি শিক্ষায় জোর দিতে হবে। এডিসি উত্তরণের পর বহির্বিশ্বের সঙ্গে তাল মেলাতে প্রযুক্তিগত উন্নয়নের কোন বিকল্প নেই। তাই, দক্ষ মানব সম্পদ তৈরিতে কাজ করছে সরকার।

সোমবার রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্সেস (ডিসিসিআই) আয়োজিত ‘চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে মানব সম্পদ উন্নয়ন’ বিষয়ক গোল টেবিল বৈঠকে বক্তারা এসব কথা বলেন।

বৈঠকে এলডিসি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় এবং বহির্বিশ্বের সঙ্গে তাল মেলাতে প্রযুক্তিগত উন্নয়ন ও দক্ষতা অর্জনে কিভাবে কাজ করতে হবে, সে বিষয়াদি নিয়েও আলোচনা করা হয়। আলোচকরা বলেন, উন্নত বিশ্বে কৃত্রিম বুদ্ধিমত্তার চর্চা শুরু হলেও; বাংলাদেশে এখনও সেই সংস্কৃতি আসেনি। তবে দ্রুতই আসবে। চতুর্থ শিল্প বিপ্লবের ধাক্কা সামলাতে হলে, এই পরিবর্তনশীল সময়ে প্রযুক্তিগত দক্ষতা অর্জনের বিকল্প নেই। তাছাড়া, বেশিরভাগ ক্ষেত্রেই দেশের বাইরে পাঠানো হয় অদক্ষ শ্রমিকদের। কিন্তু প্রশিক্ষণপ্রাপ্ত মানবসম্পদ পাঠালে বাড়বে রেমিট্যান্স প্রবাহ।

আলোচনার প্রধান অতিথি হিসেবে ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব আর কোনো ভবিষ্যতের ধারণা নয়। এটি এরইমধ্যে আমাদের জীবন, কাজের ধরন ও অর্থনীতিতে গভীরভাবে প্রবেশ করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট প্রযুক্তি, বিপুল তথ্যভান্ডার, ব্লকচেইন প্রযুক্তি এবং ইন্টারনেট ইত্যাদি এরমধ্যেই কর্মক্ষেত্রের কাঠামো পাল্টে দিচ্ছে।

তিনি বলেন, এলডিসি পরবর্তী প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের প্রধান ভরসা। বিশ্ব অর্থনৈতিক ফোরামের তথ্যানুযায়ী, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ বদলে যাবে। ফলে যারা নতুন প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জনে পিছিয়ে থাকবে, তারা ঝুঁকিতে পড়বে।

ডিসিসিআই সভাপতি আরও বলেন, দক্ষ মানবসম্পদ তৈরিতে শুধু দক্ষতাই নয়, দরকার প্রযুক্তিকে কাজে লাগানোর সক্ষমতা ও সৃজনশীল চিন্তা। দ্রুত পরিবর্তনশীল যুগে অভিযোজন ক্ষমতাই হবে সাফল্যের মূল চাবিকাঠি। দেশে প্রায় ১৭৬টি বিশ্ববিদ্যালয় থাকলেও আধুনিক প্রযুক্তিনির্ভর উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ সীমিত। ফলে চাহিদাসম্পন্ন স্নাতকদের অনেকে বিদেশে চলে যাচ্ছেন, আর দেশের শিল্পখাত দক্ষ জনবল সংকটে ভুগছে।

এই ঘাটতি পূরণে প্রযুক্তিনির্ভর বিভাগ চালু, যুগোপযোগী সিলেবাস প্রণয়ন ও ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ বাড়ানোর আহ্বান জানান তিনি। তিনি জানান, মানবসম্পদ উন্নয়নে ডিসিসিআই এরইমধ্যে দেশি-বিদেশি ১৪টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারকে সই করেছে এবং বেসরকারি খাতের কর্মীদের আপস্কিলিং ও রি-স্কিলিংয়ের প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। দক্ষ মানবসম্পদ উন্নয়নই আমাদের প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধি ও বিশ্ব অর্থনীতিতে অবস্থানকে আরও শক্তিশালী করবে।

এক লাখ বাংলাদেশিকে জাপানিজ ভাষা শেখানোর উদ্যোগ

অর্থনৈতিক রিপোর্টার ॥ জাপানে কর্মসংস্থানের লক্ষ্যে ১ লাখ দক্ষ বাংলাদেশিকে সরকারি ও শিক্ষা খাতের সহায়তায় জাপানিজ ভাষা শেখানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লবের সঙ্গে মানব সম্পদের দক্ষতা উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর প্রস্তাব রাখা হয়। সোমবার রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় তিনি এ কথা বলেন।

আলোচনায় প্রধান অতিথি হিসেবে আছেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী। প্রধান অতিথির

বক্তব্যে তিনি বলেন, বেকার যুবকদের প্রশিক্ষণের জন্য সরকারের পক্ষ থেকে সরকারি সংস্থার মধ্যে সমন্বয়হীনতা রয়েছে। সেই সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে সকল স্তরের সচেতনতার অভাব রয়েছে। প্রতিষ্ঠার পর

হতে এনএসডিএ নিজের আইনি কাঠামো, ভৌত ও প্রশাসনিক অবকাঠামোর ওপর নজর দিলেও বর্তমানে দক্ষ মানব সম্পদ তৈরিতে প্রশিক্ষণের ওপর বেশি মনোযোগী হয়েছে। এছাড়া নারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের ওপর জোরারোপ করেন। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ। তিনি বলেন, এ টু আই ও ইউএনডিপি ২০১৯ সালের গবেষণায় দেখা যাচ্ছে, তথ্যপ্রযুক্তি ব্যবহারের ফলে ২০৩০ সালের বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য ও কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিট্যালিটি খাতে প্রায় ৫৩.৮ লাখ লোকের কর্মসংস্থান হারানোর সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় দেশের কর্মরত মানবসম্পদকে প্রযুক্তি ব্যবহারে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের ওপর অধিক হারে গুরুত্বারোপ করতে হবে। তিনি সামগ্রিক শিক্ষা কার্যক্রমের যুগোপযোগীকরণের পাশাপাশি কারিগরি শিক্ষায় আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর প্রস্তাব করেন। এছাড়াও দক্ষতা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বাজেট বরাদ্দ নিশ্চিতের ওপর জোরারোপ করেন নিয়াজ আসাদুল্লাহ।

এছাড়া অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের যুগ্ম-সচিব (আইসিটি ডিভিশন) মোহাম্মদ সাইফুল হাসান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপ-সচিব মোহাম্মদ সাজেদুল ইসলাম, ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, দি ইন্সটিটিউট অব কন্সট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)-এর সভাপতি মাহতাব উদ্দিন আহমেদ, ট্রান্সকম গ্রুপের কর্পোরেট মানবসম্পদ বিভাগের প্রধান এম সাক্বির আলী, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর রিজিওন্যাল সিনিয়র ম্যানেজার খান মোহাম্মদ শফিকুল আলম, বুয়েটের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং

বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মাসরুর আলী এবং ব্রেইন স্টেশন ২৩-এর প্রধান নির্বাহী কর্মকর্তা রাইসুল কবীর অংশগ্রহণ করেন। ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব আর কোনো ভবিষ্যতের ধারণা নয়। এটি এরইমধ্যে

আমাদের জীবন, কাজের ধরন ও অর্থনীতিতে গভীরভাবে প্রবেশ করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট প্রযুক্তি, বিপুল তথ্যভান্ডার, ব্লকচেইন প্রযুক্তি এবং ইন্টারনেট এরই মধ্যেই কর্মক্ষেত্রে কাঠামো পাল্টে দিচ্ছে। তিনি বলেন, এলডিসি পরবর্তী প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের প্রধান ভরসা।

বিশ্ব অর্থনৈতিক ফোরামের তথ্যানুযায়ী, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ বদলে যাবে। ফলে যারা নতুন প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জনে পিছিয়ে থাকবে, তারা ঝুঁকিতে পড়বে। ডিসিসিআই সভাপতি আরও বলেন, দক্ষ মানবসম্পদ তৈরিতে শুধু দক্ষতাই নয়, দরকার প্রযুক্তিকে কাজে লাগানোর সক্ষমতা ও সৃজনশীল চিন্তা। দ্রুত পরিবর্তনশীল যুগে অভিযোজন ক্ষমতাই হবে সাফল্যের মূল চাবিকাঠি। দেশে প্রায় ১৭৬টি বিশ্ববিদ্যালয় থাকলেও আধুনিক প্রযুক্তিনির্ভর উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ সীমিত। ফলে চাহিদাসম্পন্ন স্নাতকদের অনেকে বিদেশে চলে যাচ্ছেন, আর দেশের শিল্প খাত দক্ষ জনবল সংকটে ভুগছে।



দেশের ৫৪ লাখ লোক কর্মসংস্থান হারাবে

● নিজস্ব প্রতিবেদক

তথ্যপ্রযুক্তি ব্যবহারের ফলে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য ও কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিটালিটি খাতে প্রায় ৫৩ লাখ ৮০ হাজার লোকের কর্মসংস্থান হারানোর সম্ভাবনা রয়েছে। এই পরিস্থিতিতে দেশের কর্মরত মানব সম্পদকে প্রযুক্তি ব্যবহারে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের ওপর অধিক হারে গুরুত্বারোপ করতে হবে। পাশাপাশি সামগ্রিক শিক্ষা কার্যক্রমের যুগোপযোগীকরণের পাশাপাশি কারিগরি শিক্ষায় আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানো দরকার। এ ছাড়া দক্ষতা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বাজেটে বরাদ্দ বাড়ানো উচিত।

সোমবার ডিসিসিআই মিলনায়তনে অনুষ্ঠিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানব সম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা এসব কথা বলেন। গোলটেবিল আলোচনা সভায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ভিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ। বক্তারা বলেন, পরিবর্তনশীল তথ্যপ্রযুক্তির বর্তমান সময়ের অর্থনৈতিক কার্যক্রমে ক্রমশ পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে, যা মোকাবিলায় বাংলাদেশকে দক্ষ

ডিসিসিআইর সেমিনারে তথ্য



বৈশ্বিক নতুন অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলা আবশ্যিক

মানব সম্পদ তৈরিতে অধিক হারে মনোনিবেশ করা জরুরি। এ ছাড়া দেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন, কারিগরি ও ভোকেশনাল শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ, বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় সাধনের পাশাপাশি শিক্ষা ও শিল্প খাতের সম্পর্ক উন্নয়নের ওপর ওই সভায় জোরারোপ করা হয়।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব কেবল প্রযুক্তিগত পরিবর্তন নয়, বরং উৎপাদন ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য এবং শ্রমবাজারে গভীর ও মৌলিক রূপান্তর এনেছে, বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) আমাদের শিল্প ও সেবা খাতে ব্যাপক প্রভাব ফেলছে। তিনি জানান, ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরামের তথ্যমতে আগামী পাঁচ বছরে বর্তমান চাকরির বাজার প্রায় এক-চতুর্থাংশ বদলে যাবে এবং বাংলাদেশের এলভিসি পরবর্তী সময়ের প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানব সম্পদই হবে একমাত্র হাতিয়ার, তবে তাদের প্রযুক্তিনির্ভর নতুন যুগের কর্মসংস্থানে নিজেদের উপযুক্ত করে তুলতে হবে। প্রধান অতিথির বক্তব্যে এনএসডিএর নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী জানান, প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর সমন্বয়হীনতা রয়েছে, সেই সঙ্গে মানব সম্পদের দক্ষতা উন্নয়নে সব স্তরের সচেতনতার অভাবের বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে। তিনি বলেন, প্রতিষ্ঠার পর হতে এনএসডিএ নিজের আইনি কাঠামো, ভৌত ও প্রশাসনিক অবকাঠামোর ওপর নজর দিলেও বর্তমানে দক্ষ মানব সম্পদ তৈরিতে প্রশিক্ষণের ওপর বেশি মনোযোগী হয়েছে। নির্বাহী চেয়ারম্যান জানান, জাপানে এক লাখ দক্ষ বাংলাদেশি প্রেরণের লক্ষ্যে সরকারি ও শিক্ষা খাতের সহায়তায় জাপানিজ ভাষা শেখানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া বিশেষ করে নারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের ওপর তিনি জোরারোপ করেন।



রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে সোমবার গোলটেবিল আলোচনায় অতিথিরা । সংগৃহীত

চতুর্থ শিল্পবিপ্লবের যুগে চাই স্মার্ট মানবসম্পদ

বালেন চেম্বার সভাপতি

প্রবা প্রতিবেদক

চতুর্থ শিল্পবিপ্লবের যুগে টিকে থাকতে স্মার্ট ও প্রযুক্তিনির্ভর মানবসম্পদ গড়ে তোলার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ।

গতকাল সোমবার রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে আয়োজিত 'চতুর্থ শিল্পবিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় তিনি এ কথা বলেন।

আলোচনার প্রধান অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্পবিপ্লব আর কোনো ভবিষ্যতের ধারণা নয়। এটি এরই মধ্যে আমাদের জীবন, কাজের ধরন ও অর্থনীতিতে গভীরভাবে প্রবেশ করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট প্রযুক্তি, বিপুল তথ্যভান্ডার, ব্লকচেইন প্রযুক্তি এবং ইন্টারনেট ইত্যাদি এরই মধ্যে কর্মক্ষেত্রের কাঠামো পাঁচের দিকে দিচ্ছে।

তিনি বলেন, এলডিসি-পরবর্তী প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের প্রধান ভরসা। বিশ্ব অর্থনৈতিক ফোরামের তথ্যানুযায়ী, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ বদলে যাবে। ফলে যারা নতুন প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জনে পিছিয়ে থাকবে, তারা ঝুঁকিতে পড়বে।

ডিসিসিআই সভাপতি আরও বলেন, দক্ষ মানবসম্পদ তৈরিতে শুধু দক্ষতাই নয়, দরকার প্রযুক্তিকে কাজে লাগানোর সক্ষমতা ও সৃজনশীল চিন্তা। দ্রুত পরিবর্তনশীল যুগে অভিযোজন ক্ষমতাই হবে সাফল্যের মূল

চাবিকাঠি। দেশে প্রায় ১৭৬টি বিশ্ববিদ্যালয় থাকলেও আধুনিক প্রযুক্তিনির্ভর উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ সীমিত। ফলে চাহিদাসম্পন্ন স্নাতকদের অনেকে বিদেশে চলে যাচ্ছেন, আর দেশের শিল্প খাত দক্ষ জনবল সংকটে ভুগছে।

এই ঘাটতি পূরণে প্রযুক্তিনির্ভর বিভাগ চালু, যুগোপযোগী সিলেবাস প্রণয়ন ও ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ বাড়ানোর আহ্বান জানান তিনি। তিনি জানান, মানবসম্পদ উন্নয়নে ডিসিসিআই এরই মধ্যে দেশি-বিদেশি ১৪টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারকে সই করেছে এবং বেসরকারি খাতের কর্মীদের আপস্কিলিং ও রি-স্কিলিংয়ের প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। দক্ষ মানবসম্পদ উন্নয়নই আমাদের প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধি ও বিশ্ব-অর্থনীতিতে অবস্থানকে আরও শক্তিশালী করবে।

প্রধান অতিথির বক্তব্যে এনএসডিএর নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী জানান, প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর সমন্বয়হীনতা রয়েছে, সেই সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে সকল স্তরের সচেতনতার অভাবের বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে। তিনি বলেন, প্রতিষ্ঠার পর হতে এনএসডিএ নিজের আইনি কাঠামো, ভৌত ও প্রশাসনিক অবকাঠামোর ওপর নজর দিলেও বর্তমানে দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রশিক্ষণের ওপর বেশি মনোযোগী হয়েছে।

অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ বলেন, এটুআই ও ইউএনডিপি ২০১৯ সালের গবেষণায় দেখা যাচ্ছে, তথ্যপ্রযুক্তি ব্যবহারের ফলে ২০৩০ সালের বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য ও কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিটালিটি খাতে প্রায় ৫৩.৮ লাখ লোকের কর্মসংস্থান হারানোর সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় দেশের কর্মরত মানবসম্পদকে প্রযুক্তি ব্যবহারে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের ওপর অধিকহারে গুরুত্বারোপ করতে হবে।

চতুর্থ শিল্প বিপ্লবে টিকে থাকতে দরকার স্মার্ট মানবসম্পদ: ডিসিসিআই

অর্থনৈতিক বার্তা পরিবেশক

চতুর্থ শিল্প বিপ্লবের যুগে টিকে থাকতে স্মার্ট ও প্রযুক্তিনির্ভর মানবসম্পদ গড়ে তোলার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। গতকাল রাজধানীর ডিসিসিআই মিলনায়তনে আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় তিনি এ কথা বলেন।

আলোচনার প্রধান অতিথি হিসেবে আছেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিডিং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. এম নিয়াজ আসাদুল্লাহ।

তাসকীন আহমেদ বলেন, 'চতুর্থ শিল্প বিপ্লব আর কোনো ভবিষ্যতের ধারণা নয়। এটি এরইমধ্যে আমাদের জীবন, কাজের ধরন ও অর্থনীতিতে গভীরভাবে প্রবেশ করেছে। কৃত্রিম

বুদ্ধিমত্তা, রোবট প্রযুক্তি, বিপুল তথ্যভান্ডার, ব্লকচেইন প্রযুক্তি এবং ইন্টারনেট ইত্যাদি এরমধ্যেই কর্মক্ষেত্রের কাঠামো পাল্টে দিচ্ছে। এলডিসি পরবর্তী প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের প্রধান ভরসা। বিশ্ব অর্থনৈতিক ফোরামের তথ্যানুযায়ী, আগামী পাঁচ বছরে বৈশ্বিক চাকরির বাজারের এক-চতুর্থাংশ বদলে যাবে। ফলে যারা নতুন প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জনে পিছিয়ে থাকবে, তারা ঝুঁকিতে পড়বে।' ডিসিসিআই সভাপতি আরও বলেন, 'দক্ষ মানবসম্পদ তৈরিতে শুধু দক্ষতাই নয়, দরকার প্রযুক্তিকে কাজে লাগানোর সক্ষমতা ও সৃজনশীল চিন্তা। দ্রুত পরিবর্তনশীল যুগে অভিযোজন ক্ষমতাই হবে সাফল্যের মূল চাবিকাঠি। দেশে প্রায় ১৭৬টি বিশ্ববিদ্যালয় থাকলেও আধুনিক প্রযুক্তিনির্ভর উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ সীমিত। ফলে চাহিদাসম্পন্ন স্নাতকদের অনেকে বিদেশে চলে যাচ্ছেন, আর দেশের শিল্পখাত দক্ষ জনবল সংকটে ভুগছে।'

ডিসিসিআইর সভায় বক্তারা

ভবিষ্যৎ অর্থনীতির জন্য দরকার স্মার্ট মানবসম্পদ

নিজস্ব প্রতিবেদক •

চতুর্থ শিল্প বিপ্লব বিশ্ব অর্থনীতি ও শ্রমবাজারে নতুন দিগন্ত উন্মোচন করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), রোবোটিকস, বিগ ডাটা, ব্লকচেইন এবং ইন্টারনেট অব থিংসের মতো প্রযুক্তি বিশ্বব্যাপী কর্মসংস্থানের ধরন পালটে দিচ্ছে। বাংলাদেশের অর্থনীতিকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে হলে স্মার্ট মানবসম্পদ উন্নয়নের কোনো বিকল্প নেই।

গতকাল সোমবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন। ডিসিসিআইয়ের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট অথরিটির (এনএসডিএ) নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাউসার চৌধুরী।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের রিডিং ইউনিভার্সিটির অর্থনীতির খণ্ডকালীন অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ। সভায় বিভিন্ন অর্থনীতিবিদ, গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সরকারি কর্মকর্তা, ব্যবসায়ী নেতা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা আরও বলেন, এই পরিবর্তনের সঙ্গে তাল মেলাতে বাংলাদেশকেও মানবসম্পদ উন্নয়নে নতুন

দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। দেশের বিশ্ববিদ্যালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোকে এখনই চার আইআর সংশ্লিষ্ট দক্ষতা যেমন- জিআইএস (ভৌগোলিক তথ্য ব্যবস্থা), বিপিও (ব্যবসায়িক প্রক্রিয়া আউটসোর্সিং), মাল্টিমিডিয়া, এআই, আইওটি, রোবোটিক্স ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ জোরদার করতে হবে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে (টিভিইটি) আন্তর্জাতিক মানে উন্নীত করতে হলে শিল্প খাতের সঙ্গে বিশ্ববিদ্যালয়গুলোর ঘনিষ্ঠ সহযোগিতা প্রয়োজন বলে তাঁরা মত দেন। বক্তারা বলেন, মানবসম্পদের কার্যকর উন্নয়ন ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। এ জন্য সরকার, বিশ্ববিদ্যালয় ও বেসরকারি খাতকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তারা।

তাসকীন আহমেদ বলেন, বিশ্ব অর্থনৈতিক ফোরামের পূর্বাভাস অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে বিশ্বে ৯ কোটি ২০ লাখ মানুষ চাকরি হারাতে পারে। তবে নতুন প্রযুক্তিনির্ভর খাতে প্রায় ১৭ কোটি নতুন কর্মসংস্থান তৈরি হবে। এই পরিবর্তনের জন্য আমাদের শিক্ষা ও প্রশিক্ষণ কাঠামোকে যুগোপযোগী করা জরুরি।

ড. নাজনীন কাউসার চৌধুরী বলেন, চতুর্থ শিল্প বিপ্লব আমাদের জন্য এক বিশাল সুযোগ। দেশের তরুণ প্রজন্মকে যদি আধুনিক প্রযুক্তি জ্ঞান ও সৃজনশীল চিন্তায় দক্ষ করে তোলা যায়, তাহলে বাংলাদেশ বৈশ্বিক বাজারে একটি শক্ত অবস্থান নিতে পারবে।

ডিসিসিআইয়ের গোলটেবিলে বক্তারা বৈশ্বিক অর্থনীতির চ্যালেঞ্জ দক্ষ মানবসম্পদ আবশ্যিক

নিজস্ব প্রতিবেদক

পরিবর্তনশীল তথ্যপ্রযুক্তির বর্তমান সময়ের অর্থনৈতিক কার্যক্রমে ক্রমে পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে, যা মোকাবিলায় বাংলাদেশকে দক্ষ মানবসম্পদ তৈরিতে অধিক হারে মনোনিবেশ করা জরুরি বলে মনে করেন বিশেষজ্ঞরা। গতকাল রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে অনুষ্ঠিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে স্মার্ট মানবসম্পদ উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা এসব কথা বলেন।

ডিসিসিআই আয়োজিত এ আলোচনায় প্রধান অতিথি ছিলেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাউসার চৌধুরী। ড. নাজনীন কাউসার চৌধুরী বলেন, প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত সরকারি সংস্থাগুলোর সমন্বয়হীনতা রয়েছে। সেই সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নে সব স্তরের সচেতনতার অভাবের বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে।

প্রতিষ্ঠার পর থেকে এনএসডিএ নিজের আইনগত কাঠামো, ভৌত ও প্রশাসনিক অবকাঠামোর ওপর নজর দিলেও বর্তমানে দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রশিক্ষণের ওপর বেশি মনোযোগী হয়েছে।

তিনি জানান, জাপানে ১ লাখ দক্ষ বাংলাদেশি প্রেরণের লক্ষ্যে সরকারি ও শিক্ষা খাতের সহায়তায় জাপানি ভাষা শেখানোর উদ্যোগ নেয়া হয়েছে। নারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের ওপর তিনি জোরারোপ করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লবের সঙ্গে মানবসম্পদের দক্ষতা উন্নয়নের বিষয়টি সম্পৃক্ত করার পাশাপাশি সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর প্রস্তাব করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, চতুর্থ শিল্প বিপ্লব কেবল প্রযুক্তিগত পরিবর্তন নয় বরং উৎপাদন ব্যবস্থা,

ব্যবসা-বাণিজ্য এবং শ্রমবাজারে গভীর ও মৌলিক রূপান্তর এনেছে, বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) আমাদের শিল্প ও সেবা খাতে ব্যাপক প্রভাব ফেলছে। তিনি জানান, ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরামের তথ্য মতে আগামী পাঁচ বছরে বর্তমান চাকরির বাজার প্রায় এক-চতুর্থাংশ বদলে যাবে। ২০৩০ সালের মধ্যে বিশ্বব্যাপী প্রায় ১৭ কোটি নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হলেও একই সময়ে ৯ কোটি ২০ লাখ মানুষ চাকরি হারানোর ঝুঁকিতে পড়তে পারেন।

ডিসিসিআই সভাপতি আরও বলেন, এলডিসি পরবর্তী সময়ের প্রতিযোগিতায় টিকে থাকতে স্মার্ট মানবসম্পদই হবে বাংলাদেশের একমাত্র হাতিয়ার। তবে তাদের প্রযুক্তিনির্ভর নতুন যুগের কর্মসংস্থানে নিজেদের উপযুক্ত করে তুলতে হবে।

বিদ্যমান পরিস্থিতি মোকাবিলায় দেশের শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন, কারিগরি শিক্ষার ওপর অধিক হারে গুরুত্বারোপ এবং শিক্ষা ও শিল্প খাতের সমন্বয় বাড়ানোর কোনো বিকল্প নেই বলে মনে করেন ডিসিসিআই সভাপতি।

আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপনকালে যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ডিজিটিং অধ্যাপক ড. এম নিয়াজ আসাদুল্লাহ বলেন, এটুআই ও ইউএনডিপি'র ২০১৯ সালের গবেষণায় দেখা যাচ্ছে তথ্যপ্রযুক্তি ব্যবহারের ফলে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের তৈরি পোশাক, খাদ্য ও কৃষি, ফার্নিচার, পর্যটন ও হসপিটালিটি খাতে প্রায় ৫৩ লাখ ৮ হাজার লোকের কর্মসংস্থান হারানোর সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় দেশের কর্মরত মানবসম্পদকে প্রযুক্তি ব্যবহারে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের ওপর গুরুত্বারোপ করতে হবে।

তিনি সামগ্রিক শিক্ষা কার্যক্রমের যুগোপযোগীকরণের পাশাপাশি কারিগরি শিক্ষায় আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর প্রস্তাব করেন।

এছাড়াও দক্ষতা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বাজেট বরাদ্দ নিশ্চিতের ওপর জোরারোপ করেন নিয়াজ আসাদুল্লাহ। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের যুগ্ম সচিব (আইসিটি ডিভিশন) মোহাম্মদ সাইফুল হাসান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপ-সচিব মোহাম্মদ সাজেদুল ইসলাম, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, দ্য ইনস্টিটিউট অব কন্সট্রাকশন ম্যানেজমেন্ট অ্যাকাউন্টস অব বাংলাদেশের (আইসিএমএবি) সভাপতি মাহতাব উদ্দিন আহমেদ, ট্রাণ্সকম গ্রুপের করপোরেট মানবসম্পদ বিভাগের প্রধান এম সাক্বির আলী, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর রিজিওনাল সিনিয়র ম্যানেজার খান মোহাম্মদ শফিকুল আলম, বুয়েটের

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মাসরুর আলী এবং ব্রেইন স্টেশন ২৩-এর প্রধান নির্বাহী কর্মকর্তা রাইসুল কবীর অংশ নেন।

হাই-টেক পার্কগুলোতে একক ও যৌথ বিনিয়োগের জন্য দেশীয় ও বিদেশি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান মোহাম্মদ সাইফুল হাসান।

অধ্যাপক ড. শামস রহমান বলেন, শিল্প খাতের চাহিদার নিরিখে দেশের শিক্ষা ব্যবস্থায় দক্ষ মানবসম্পদ তৈরি করতে পারছে না। তাই দক্ষ মানবসম্পদ তৈরিতে শিক্ষা-শিল্প খাতের সমন্বিত কার্যক্রম জরুরি।

আইসিএমএবি সভাপতি মাহতাব উদ্দিন আহমেদ বলেন, আমাদের শিক্ষার্থীদের মাত্র ২০ শতাংশ তাদের দক্ষতা অনুযায়ী চাকরি পেয়ে থাকে এবং প্রায় ২ মিলিয়ন শিক্ষার্থী বেকার রয়েছে।

এ অবস্থা মোকাবিলায় কারিগরি শিক্ষার ওপর জোরারোপ ও সমাজের সব স্তরের মানসিকতা পরিবর্তনের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

তথ্যপ্রযুক্তি ও অটোমেশনের ফলে কী ধরনের সুবিধা পাওয়া যাবে, সে বিষয়ে উদ্যোক্তাদের আরও সচেতনতা বাড়ানো, সরকারি সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় বৃদ্ধি এবং প্রশিক্ষণ কার্যক্রম নজরদারির জন্য একটি আলাদা জাতীয় কাউন্সিল স্থাপনের প্রস্তাব করেন এম সাক্বির আলী।

খান মোহাম্মদ শফিকুল আলম বলেন, দক্ষতা উন্নয়নে বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি এবং শিক্ষা কারিকুলামের যুগোপযোগীকরণে প্রয়োজনীয় সংস্কার জরুরি।

অধ্যাপক ড. মোহাম্মদ মাসরুর আলী বলেন, গ্রাম ও শহরের বিদ্যালয়গুলোর শিক্ষামানে বড় ধরনের পার্থক্য রয়েছে। ফলে আমাদের শিক্ষার্থীরা প্রাথমিক স্তর থেকেই বৈষম্যের শিকার হচ্ছে, তাই শিক্ষার সব স্তরে মান নিশ্চিত করা জরুরি।

রাইসুল কবীর বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের মাধ্যমে দ্রুত ও মানসম্মত কাজের চাহিদা বাড়ছে। এর কারণে কর্মসংস্থান সংকুচিত হওয়ার সম্ভাবনা কম, তবে ভবিষ্যতের চাহিদার নিরিখে প্রশিক্ষণের মাধ্যমে এ খাতের মানবসম্পদের দক্ষতা উন্নয়নে মনোযোগী হতে হবে।

মুক্ত আলোচনায় ডিসিসিআইয়ের সাবেক সহ-সভাপতি এম আবু হোয়ায়রাহ বিদেশে দক্ষ মানবসম্পদ প্রেরণের ওপর জোরারোপ করেন।

যার মাধ্যমে আরও বেশি হারে রেমিট্যান্স আহরণ সম্ভব, সেই সঙ্গে কারিগরি শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের ওপর তিনি জোরারোপ করেন।

এছাড়াও ডিসিসিআই পরিচালক মোহাম্মদ জমশের আলী, স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক মীর শাহরুক ইসলাম প্রমুখ আলোচনায় অংশ নেন।